

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
এনজিও বিষয়ক শাখা
www.sylhet.gov.bd

মার্চ, ২০১৯ মাসের এনজিও বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি : এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সভার তারিখ : ২৮ মার্চ, ২০১৯
সভার সময় : বিকাল ৩:০০ টা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
উপস্থিতির বিবরণী: পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জনাব ইরতিজা হাসান, সহকারি কমিশনার, এনজিও বিষয়ক শাখা বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণীতে ফোনরূপ পরিবর্তন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর এনজিও ভিত্তিক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।


ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	জনাব তামান্না আহমদ, প্রকল্প সমন্বয়কারী, আইডিয়া বলেন, গত মাসে AWRAIB প্রকল্পের আওতায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর উপর এডভোকেসি মিটিং অনুষ্ঠিত হয়েছে এবং নিয়মিত উঠান বৈঠক হচ্ছে। এছাড়াও জীবিকা প্রকল্পের ৩১টি গ্রুপের ৬২টি সমন্বয় মিটিং এবং সমবায় সমিতি নিবন্ধনসহ অন্যান্য প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে বলে তিনি অভিমত প্রকাশ করেন।	কার্যক্রম অব্যাহত রাখতে হবে	আইডিয়া
২	জনাব চৌধুরী মো: কামরুল হাসান, সেন্টার ম্যানেজার, সিআরপি- সিলেট বলেন, গত মাসে ১৫৩ জন রোগীকে ১৩৬৫টি এ্যাপয়েন্টমেন্ট এর মাধ্যমে পুনর্বাসন সেবা প্রদান করা হয়েছে এবং ফেঞ্চুগঞ্জ, বালাগঞ্জ ও ওসমানিনগর উপজেলায় প্রতিবন্ধী মানুষকে নিয়ে সংগঠন গঠন করার কার্যক্রম চলমান আছে।	কাজের ধারা অব্যাহত রাখতে হবে	সিআরপি- সিলেট
৩	জনাব মো: এনামুল হক, জেলা সমন্বয়কারী, ব্লাস্ট, সিলেট জানান, গত মাসে ৫০টি গ্রাম আদালত বিষয়ক সচেতনতামূলক উঠান বৈঠক, বিচার সংক্রান্ত বিষয়ে কাউন্সেলিং ৫০টি- ইউনিয়ন ৩৭৪টি, ১টি গ্রাম আদালতে বিচার প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও গ্রাম আদালতের সমন পৌঁছানোর জন্য ৩৮৪ জন গ্রাম পুলিশকে মাসিক ২০০ টাকা করে ভাতা প্রদান করা হয়েছে।	কার্যক্রম অব্যাহত রাখতে হবে	ব্লাস্ট
৪	জনাব মো: সুজন উদ্দিন খান, চেয়ারম্যান, লিডিং পাওয়ার সোসাইটি, সিলেট বলেন ৩০ জন যুবক যুবতীকে কম্পিউটার প্রশিক্ষণ চলমান আছে।	প্রশিক্ষনার্থীদের তালিকা ফোন নাম্বারসহ প্রেরণ করবেন	লিডিং পাওয়ার সোসাইটি
৫	জনাব মো: আনোয়ার হোসেন, এলাকা ব্যবস্থাপক, বুরো বাংলাদেশ, সিলেট জানান, গত মাসে আর্থিক ও ব্যবসা ব্যবস্থাপনা প্রশিক্ষণ সেবা, রেমিটেন্স সেবা, নিরাপদ পানি, স্যানিটেশন ও স্বাস্থ্য অভ্যাস এবং কৃষি, সাধারণ ও এস.এম.ই ঋণ প্রদান করা হয়েছে।	সেবা গ্রহিতার তালিকা প্রেরণ করবেন	বুরো বাংলাদেশ
৬	জনাব আজিম উদ্দিন, জেলা প্রতিনিধি, এফআইভিডিবি বলেন, গত মাসে মানুষের জন্য ফাউন্ডেশনের সহায়তায় 'SANGHA' এবং 'KIABI Foundation' এর সহায়তায় 'সিলেট স্কুল' নামে নতুন ২টি প্রকল্পের কাজ শুরু করা হয়েছে। উল্লেখিত ২টি প্রকল্পের বিষয়ে জেলা ও উপজেলা প্রশাসনকে যথাযথভাবে অবহিত করা হয়েছে। সিলেট সদর, দক্ষিণ সুরমা, বিশ্বনাথ ও ওসমানীনগর উপজেলায় 'SANGHA' প্রকল্প এবং দক্ষিণ সুরমা উপজেলার লালা বাজার ইউনিয়নে 'সিলেট স্কুল' প্রকল্পের বাস্তবায়ন করা হচ্ছে বলে তিনি সভাকে জানান।	উপকারভোগীদের নাম ও ঠিকানাসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে	এফআইভিডিবি

৭	জনাব চয়ন চক্রবর্তী, জুনিয়র কর্মসূচি কর্মকর্তা, কারিতাস সিলেট অঞ্চল, সিলেট জানান গত মাসে পরিবার ও সমাজ ভিত্তিক বন্যার পূর্ব প্রস্তুতি প্রকল্পের কার্যক্রম কানাইঘাট উপজেলার ১ এবং ২ নং লক্ষীপ্রসাদ ইউনিয়নে ২০ সেট ল্যাট্রিন, ১টি নলকূপ এবং ১টি রিংওয়েল বিতরণ করা হয়েছে এবং অন্যান্য প্রকল্পের কার্যক্রম চলমান আছে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।	উপকারভোগীদের তালিকা প্রেরণ করবেন	কারিতাস সিলেট অঞ্চল
৮	জনাব বিভাষ চন্দ্র তরফদার, জেলা ব্যাক প্রতিনিধি, ব্যাক বলেন, ৩১৬০ জনকে স্যানিটেশন বিষয়ে সচেতন করা হয়েছে, ২৭৩৯০ জনকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে, ৩৪৭২ জন মা কে পুষ্টি বিষয়ে সচেতন করা হয়েছে, ৪২ জনকে বিনামূল্যে আইনী সহায়তা প্রদান করা হয়েছে, ৪৭১০ জনকে সামাজিক অধিকার সম্পর্কে সচেতন করা হয়েছে, ২৫ জনকে ব্যবসায়ের জন্য মূলধন প্রদান করা হয়েছে এবং বিদেশ ফেরত ৪৬ জনকে সেবা দেওয়া হয়েছে। এছাড়াও ২৩০ জনকে বিভিন্ন ট্রেড এ প্রশিক্ষণসহ ৮৪ জন গর্ভবতী মাকে নিরাপদ ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে।	উপকারভোগীদের তালিকাসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে	ব্যাক
৯	জনাব বাবুল কুমার সিংহ, পিও, আর.ডব্লিউ.ডি.ও বলেন, সংস্থার পরিচালনায় মালনীছড়া চা বাগান ও লাক্কাতুরা চা বাগানের দুইটি প্রাক- প্রাথমিক শিক্ষা কেন্দ্র চলমান রয়েছে। প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর সহযোগীতায় মালনীছড়া চা বাগানে “HCGSC” সচেতনতা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া BNF এর সহযোগীতায় মালনীছড়া চা বাগান, লাক্কাতুরা চা বাগান ও সিলেট সিটি কর্পোরেশন বস্তি এলাকার ৩৫ জন শিক্ষার্থীর মাঝে শিক্ষাবৃত্তি চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।	শিক্ষাবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা প্রদান করতে হবে	আর.ডব্লিউ.ডি.ও
১০	জনাব দেওয়ান শামস এ তাবরীজ, স্টোর ইনচার্জ কাম অফিস এসিস্ট্যান্ট, জমজম বাংলাদেশ বলেন, গত মাসে ১০০ জন এতিম শিশুকে জেনারেল ডেস ও স্যান্ডেল বিতরণ এবং প্রায় ৩০০০ জন সুবিধা বঞ্চিত শিশুদের প্রাথমিক শিক্ষা কার্যক্রম ও শিক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে। এছাড়াও স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ও বস্তিবাসীদের প্রাথমিক চিকিৎসা সেবাসহ অন্যান্য প্রকল্পের কার্যক্রম চলমান আছে বলে তিনি সভাকে জানান।	শিশুদের তালিকাসহ প্রতিবেদন প্রেরণ করবেন	জমজম বাংলাদেশ
১১	জনাব মো: আশিকুজ্জামান, প্রজেক্ট অফিসার, সুইসকন্টাক্ট, সিলেট জানান গত মাসে ইউসেপ-হাফিজ মজুমদার সিলেট টেকনিক্যাল স্কুল, বটেশ্বর, সিলেট এ মেশিনিষ্ট এবং ইলেক্ট্রিক্যাল ট্রেডে মোট ৫৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ২৮ জনকে কমিউনিটি প্যারামেডিকদের যক্ষা রোগের উপর সাইন্টিফিক সেমিনার করানো হয়েছে।	প্রশিক্ষার্থীদের তালিকাসহ প্রতিবেদন প্রেরণ করবেন	সুইসকন্টাক্ট
১২	জনাব মো: ফারুক আহম্মদ, পরিচালক, জৈন্তিয়া ছিন্নমূল সংস্থা বলেন, গত মাসে ক্ষুদ্র নারী উদ্যোগ উন্নয়ন প্রকল্পের আওতায় ১৩ জন দুস্থ মহিলাদের সেলাই মেশিন বিতরণ করা হয়েছে এবং অন্যান্য প্রকল্পের কার্যক্রম যথারীতি চলমান আছে।	নাম, ঠিকানাসহ উপকারভোগী নারীদের তালিকা প্রেরণ করতে হবে	জৈন্তিয়া ছিন্নমূল সংস্থা
১৩	জনাব আনজির হোসেন, সহকারী প্রকল্প কর্মকর্তা, ইসলামিক রিলিফ বাংলাদেশ বলেন, গত মাসে ৩১টি সেমি গভির নলকূপের রোরিং এবং ৫টি সেমি গভীর নলকূপের প্লাটফর্ম তৈরী করা হয়েছে।	উপকারভোগীদের তালিকা প্রেরণ করবেন	ইসলামিক রিলিফ বাংলাদেশ
১৪	জনাব অ্যাড. শাহ সাহেদা, বিভাগীয় সমন্বয়ক, বেলা- সিলেট বলেন সিটি কর্পোরেশন, সিলেট এর অভ্যন্তরে মজুমদারীতে দিঘী বরাট করার অভিযোগের ভিত্তিতে ফলোআপ পরিদর্শন করা হয় যা উচ্চ আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে ভরাট করা হচ্ছে এবং টিলা কাটার বিষয়টি ফলোআপ পরিদর্শন করা হয়েছে।	কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	বেলা সিলেট
১৫	জনাব নাছরিন বানু, সহকারী পরিচালক, ভার্ড, সিলেট বলেন গত মাসে ৩৩৯১ জনকে OPT সেবা, ২৪ জনকে DCT অপারেশন, ৪৪৬ জন রোগীকে ছানি অপারেশন, ২০ জনকে চোখের অন্যান্য অপারেশন, ৩১৩৪ জনকে চোখের অন্যান্য পরিক্ষাসহ ২৮৩ জনকে দৃষ্টিশক্তি পরীক্ষা করে চশমা প্রদান করা হয়েছে। এছাড়াও গোয়াইনঘাট ও কোম্পানীগঞ্জ উপজেলায় ম্যালেরিয়া সচেতনতামূলক কার্যক্রম, রক্তকাঁচ পরীক্ষা ৫৮১ জন, রক্ত পরীক্ষা ১০০৯ জন, ২৬৫ টি উঠান বৈঠক, ২৯৫টি গ্রুপ ফোরাম এবং ৮৮টি হেল্থ ফোরাম করা হয়েছে বলে তিনি সভাকে জানান।	উপকারভোগীদের ঠিকানাসহ তালিকা প্রেরণ করতে হবে।	ভার্ড

২

১৬	জনাব রিজ্তা রানী দাস, সিনিয়র প্রজেক্ট অফিসার, সেভ দ্যা চিলড্রেন বলেন, আরটিভিতে 'সেভ দ্যা চিলড্রেন' কর্তৃক "বুদ্র ছায়ার খেলা" নামক টিভিশো প্রতি সোমবার রাত ৮:০০টায় পরিচালিত হয়। এছাড়াও সংস্থার অন্যান্য প্রজেক্ট এর কার্যক্রম চলমান আছে বলে তিনি সভাবে জানান।	কাজের ধারা অব্যাহত রাখতে হবে	সেভ দ্যা চিলড্রেন
১৭	জনাব মো: জসিম উদ্দিন, প্রোগ্রাম অফিসার, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ বলেন, গত মাসে সদর উপজেলার তিনটি ইউনিয়নে অপুষ্টি নিরসনের জন্য পিডি-হার্থ প্রোগ্রামের মাধ্যমে ৩২টি গ্রামে ৩১৮ জন শিশুকে নিয়ে পিডি-হার্থ প্রোগ্রাম করা হয়েছে এবং স্পন্সরদের নিকট হতে প্রাপ্ত টাকার মাধ্যমে ৮৭ জন স্পন্সর শিশুকে চাহিদা মোতাবেক শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে, ২৫০ জন হতদরিদ্র পরিবারকে সবজি বাগান করার পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া হাটখোলা ও কান্দিগাঁও ইউনিয়নে গরু প্রদানের জন্য নির্বাচিত ২৫০ জন হতদরিদ্র পরিবারকে ৩ দিনের গবাদি পশুপালন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।	উপকারভোগীদের ঠিকানাসহ তালিকা প্রেরণ করবেন	ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ
১৮	জনাব মো: আখতারুজ্জামান, ডিপুটি প্রোগ্রাম অফিসার, ইউসেপ বাংলাদেশ বলেন, গত মাসে ৬৯ জন পুরুষ ও ৪১৭ জন মহিলা নিয়ে অভিভাবক সভা হয়েছে দুইটি। দুইটি সাধারণ ও একটি কারিগরি বিদ্যালয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়েছে এবং তিনটি স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও নবীনবরণ অনুষ্ঠান করা হয়েছে মর্মে তিনি জানান।	সভায় উপস্থিতির তালিকা প্রেরণ করবেন	ইউসেপ বাংলাদেশ
১৯	জনাব মো: এমদাদ হোসেন, প্রজেক্ট ম্যানেজার, সীমান্তিক বলেন, সক্ষম বিবাহিত মহিলাদের নিয়ে ৩৪২ টি মিটিং করা হয়েছে, ৫ বৎসরের নিচে শিশুদের লালন পালনকারীদের নিয়ে মিটিং করা হয়েছে।	কার্যক্রম অব্যাহত রাখবেন	সীমান্তিক
২০	জনাব মো: আব্দুর রহিম, সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী, টিএমএসএস জানান, গত মাসে ৫ নং সিলাম ও ৩নং তেতলী ইউনিয়নে মোট ২০০ জন প্রবীন ব্যক্তিকে ৬০০/- টাকা হারে ১,২০,০০০/- টাকা বয়স্ক ভাতা প্রদান করা হয়েছে। এছাড়া ৩ নং তেতলী ইউনিয়নে ৫০টি শিক্ষা সহায়তা কেন্দ্রে ১৩৯৯ জন ছাত্র/ ছাত্রীকে পাঠদান করা হচ্ছে ও ১৭৩৯ জন ঋণীর কাছে ৩৪,৮৪,৩২,০৬৮/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং সমৃদ্ধি কর্মসূচির আওতায় স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে ২৩৪ জন অসহায় রোগীকে ফ্রি স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে মর্মে তিনি সভাক অবহিত করেন।	উপকারভোগীদের ঠিকানাসহ তালিকা প্রেরণ করতে হবে	টিএমএসএস
২১	জনাব সাবিহা সুলতানা, সহকারী পরিচালক, সিলেট যুব একাডেমী বলেন, গত মাসে কমিউনিটি পার্টিসিপেটেড সেইফ ওয়াটার প্রকল্পের মাধ্যমে সিলেট সদর উপজেলায় ২টি অগভীর নলকূপ স্থাপনের পর সিলেট সদরে ২টি, দক্ষিণ সুরমায় ৬টি ও জকিগঞ্জ ১৮০টি নলকূপ ব্যবস্থাপনা কমিটি গঠন এবং ফেঞ্চুগঞ্জ উপজেলায় ৬টি ও দক্ষিণ সুরমায় ৫টি সেক্ষ হেল্প গ্রুপ গঠন করা হয়েছে। এছাড়াও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনসহ সংস্থার অন্যান্য প্রকল্পের কার্যক্রম চলমান আছে মর্মে তিনি জানান।	উপকারভোগীদের তালিকা প্রদান করতে হবে	সিলেট যুব একাডেমী
২২	বিবিধ: ১) এনজিও সভার কার্যক্রম জোরদার করতে এবং সকল এনজিও এর অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। ২) সভায় সকল আগামী সভায় "ইউসেফ বাংলাদেশ" ও "সীমান্তিক" কর্তৃক তাদের সাম্প্রতিক কার্যক্রমের উপর প্রেজেন্টেশন করার বিষয়ে মত প্রকাশ করা হয়।	১) সকল এনজিওদের প্রতিনিধি সভায় উপস্থিত থাকতে হবে ২) আগামী সভায় "ইউসেফ বাংলাদেশ" ও "সীমান্তিক" কর্তৃক তাদের কার্যক্রম পাওয়ার পয়েন্টে উপস্থাপন করবেন	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এম কাজী এমদাদুল ইসলাম

জেলা প্রশাসক

সিলেট

ফোন : ০৮২১-৭১৬১০০



স্মারক নম্বর- ০৫.৪৬.৯১০০.০২১.০৬.০০৭.১৮.১২৫(১২০)

তারিখ: ২৫ চৈত্র ১৪২৫
০৮ এপ্রিল ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা
- ২) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
- ৩) উপ-মহাব্যবস্থাপক, গৃহায়ণ তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট), বাংলাদেশ ব্যাংক, ১ম সংলগ্নী ভবন (৭ম তলা), ঢাকা-১০০০
- ৪) পুলিশ সুপার, সিলেট
- ৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৬) সিভিল সার্জন, সিলেট
- ৭) চেয়ারম্যান, উপজেলা পরিষদ,..... (সকল), সিলেট
- ৮) উপজেলা নির্বাহী অফিসার,..... (সকল), সিলেট
- ৯) সিলেট নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট
- ১০) উপপরিচালক সিলেট
- ১১) জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, সিলেট
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সিলেট
- ১৩) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সিলেট
- ১৪) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ১৫) চেয়ারম্যান, জেলা মহিলা সংস্থা, সিলেট
- ১৬) জনাব....., সিলেট



এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট
ফোন : ০৮২১-৭১৬১০০

উপস্থিতির বিবরণী: পরিশিষ্ট 'ক'

উপস্থিতির তালিকা:

- ১। জনাব এম কাজী এমদাদুল ইসলাম, জেলা প্রশাসক, সিলেট
- ২। জনাব সন্দীপ কুমার সিংহ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট
- ৩। জনাব ইরতিজা হাসান, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৪। জনাব মো: মিজানুর রহমান, পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট
- ৪। জনাব মো: নূরানী মজুমদার, জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা, সিলেট-
- ৫। জনাব মো: আজিম উদ্দিন, প্রতিনিধি, এফআইডিডিডি, সিলেট
- ৬। জনাব মো: মাজহারুল ইসলাম খাঁন, অফিসার স্পন্দরশীপ, এসওএস শিশু পল্লী, সিলেট
- ৭। জনাব রিক্তা দাস, প্রতিনিধি, সেইভ দ্যা চিলড্রেন, সিলেট
- ৮। জনাব মো: আনজির হোসেন, সহকারি প্রকল্প কর্মকর্তা, ইসলামিক রিলিফ বাংলাদেশ, সিলেট
- ৯। জনাব মো: সুজন উদ্দিন, খান, চেয়ারম্যান, লিডিং পাওয়ার সোসাইটি, সিলেট
- ১০। জনাব অ্যাড. শাহ সাহেদা, প্রতিনিধি, বেলা, সিলেট
- ১১। জনাব নাছরিন বানু, সহকারি পরিচালক, ভার্ড চক্ষু হাসপাতাল, সিলেট
- ১২। জনাব মো: এনামুল হক, জেলা সমন্বয়কারী, ব্লাস্ট, সিলেট
- ১৩। জনাব এ এইচ এম ফজলে রাশিদ চৌধুরী, প্রতিনিধি, আকবেট, সিলেট
- ১৪। জনাব জি.এম. আশিক ইকবাল, প্রতিনিধি, আইডিই, সিলেট
- ১৫। জনাব ফাতেমা জান্নাত, সভাপতি, নূরানী সমাজ কল্যাণ উন্নয়ন সংস্থা, পাঠান টুলা, সিলেট
- ১৬। জনাব সি. এম. কামরুল হাসান, সেন্টার ম্যানেজার, সিআরপি, সিলেট
- ১৭। জনাব সাবিহা সুলতানা, সহকারী পরিচালক, সিলেট যুব একাডেমী, সিলেট
- ১৮। জনাব মো: আবু নাসির বেপারী, নির্বাহী পরিচালক, এ্যাডলো, সিলেট
- ১৯। জনাব বাবুল কুমার সিংহ, প্রোগ্রাম অফিসার, আরডব্লিউডিও, সিলেট
- ২০। জনাব আব্দুল্লাহ আল মাহমুদ, সিনিয়র অফিসার এডমিন, সেইভ দ্যা চিলড্রেন, সিলেট
- ২১। জনাব মো: ফারুক আহমদ, পরিচালক, জেছিস, সিলেট
- ২২। জনাব মো: আখতারুজ্জামান, ডেপুটি প্রোগ্রাম অফিসার, ইউসেপ বাংলাদেশ, সিলেট
- ২৩। জনাব মো: আলী উসমান, প্রোগ্রাম কো-অর্ডিনেটর, এআরডি, সিলেট
- ২৪। জনাব মো: আব্দুর রহিম, সমৃদ্ধি কর্মসূচী সমন্বয়কারী, টিএমএসএস, সিলেট
- ২৫। জনাব মো: এমদাদ হোসেন, প্রোজেক্ট ম্যানেজার, সীমান্তিক, সিলেট
- ২৬। জনাব মো: ফখরুল ইসলাম, ভাইস প্রেসিডেন্ট, রিডো অব বাংলাদেশ, সিলেট
- ২৭। জনাব কাজী মো: আবুল কালাম আজাদ, নির্বাহী পরিচালক, এওয়ার্ড, সিলেট
- ২৮। জনাব মো: আশিকুজ্জামান, প্রজেক্ট অফিসার, সুইসকন্টাক্ট, সিলেট
- ২৯। জনাব চয়ন চক্রবর্তী, জুনিয়র কর্মসূচি কর্মকর্তা, কারিতাস সিলেট অঞ্চল, সিলেট
- ৩০। জনাব বিভাষ চন্দ্র তরফদার, প্রতিনিধি, ব্র্যাক, সিলেট
- ৩১। জনাব মো: জসিম উদ্দিন, প্রোগ্রাম অফিসার, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, সিলেট
- ৩২। জনাব মো: আনোয়ার হোসেন, এলাকা ব্যবস্থাপক, বুরো বাংলাদেশ, সিলেট
- ৩৩। জনাব মো: সাজিদুর রহমান, এলাকা ব্যবস্থাপক, টিআইবি, সিলেট
- ৩৪। জনাব মো: সুজন মিয়া, প্রতিনিধি, সিলেট ডিফারেন্ডালী এবল্ড ফাউন্ডেশন, সিলেট
- ৩৫। জনাব দেওয়ান শামস এ তাবরীজ, স্টোর ইনচার্জ কাম অফিস এসিস্ট্যান্ট, জমজম বাংলাদেশ, সিলেট
- ৩৬। জনাব তামান্না আহমদ, প্রকল্প সমন্বয়কারী, আইডিয়া, সিলেট